

সংবাদ বিজ্ঞপ্তি:

নং: ১৯.০১.২৫০১.১১৮.২৩.০২৯.১৭

১৭ মার্চ ২০২২

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, আদ্দিস আবাবায় বঙ্গবন্ধুর একশ'দুই-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্যাপন প্রসঙ্গে।

আজ বাংলাদেশ দূতাবাস, আদ্দিস আবাবা বর্ণাঢ্য অনুষ্ঠান ও জাকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে ১৭ মার্চ ২০২২ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একশ'দুই-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২' উদ্যাপন করেছে। পূর্বাঙ্কে ইথিওপিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত মহোদয়ের জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের আয়োজনের শুভারম্ভ হয়। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র ধর্মগ্রন্থ থেকে ধর্মীয় বাণী পাঠ এবং বঙ্গবন্ধু, তাঁর পরিবার, বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে আত্মত্যাগকারী সকল শহিদদের রুহের শান্তি ও মাগফিরাত কামনা এবং দেশবাসীর সামগ্রিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য বিশেষ মোনাজাত করা হয়। স্বাগতিক দেশের বিভিন্ন আন্তর্জাতিক ও স্থানীয় বিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে শিশু-কিশোরদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় ১৫০ এর অধিক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। বিকেল ০৬:০০টায় শুরু হয় অপরাহ্নের মূল অনুষ্ঠান, যেখানে স্থানীয় ইথিওপিয়ান, বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীর অভিভাবকবৃন্দসহ, ইথিওপিয়া প্রবাসী বাংলাদেশী ও অত্র দূতাবাসের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ সপরিবারে উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শুনানো হয়। এ মহতী অনুষ্ঠানের সূচনা বক্তব্য প্রদান করেন বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত মহোদয়। তিনি বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে উক্ত দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং বঙ্গবন্ধুর আদর্শ ও সোনার বাংলার স্বপ্ন ধারণ করে বাংলাদেশের আগামী প্রজন্ম যাতে বাংলাদেশকে উন্নত মর্যাদাশীল রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে পারে সে আশাবাদ ব্যক্ত করেন। বঙ্গবন্ধুর জীবনী থেকে শিক্ষা নিয়ে দেশকে উত্তরোত্তর সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আগামী প্রজন্মের প্রতি আহ্বান জানান। তিনি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত উন্নয়নমূলক পদক্ষেপসমূহ এবং বাংলাদেশের ধারাবাহিক অগ্রগতি ও উন্নয়নের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন। এর পর শুরু হয় আলোচনা এবং উন্মুক্ত সাংস্কৃতিক পর্বা। এ পর্বে প্রবাসী বাংলাদেশীদের মধ্য থেকে উৎসাহী অংশগ্রহণকারীগণ বঙ্গবন্ধু ও জাতীয় শিশু দিবসের উপর রচিত কবিতা ও সঙ্গীত পরিবেশন করেন। আগত অতিথিবৃন্দ তাদের বক্তব্যে বঙ্গবন্ধুর প্রতি যথাযথ শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং নবীন প্রজন্মের জন্য ক্রমাগত কাজ করে যেতে তাঁদের অঙ্গীকার ব্যক্ত করেন। এরপর, আগত দর্শক-শ্রোতাদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপর নির্মিত একটি প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্বে দূতাবাসের পক্ষ থেকে মান্যবর রাষ্ট্রদূত মহোদয় দিবসটি উপলক্ষে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশু-কিশোরদের মাঝে আকর্ষণীয় পুরস্কার ও সনদপত্র প্রদান করেন। এরপর বঙ্গবন্ধুর একশ'দুই-তম জন্মবার্ষিকী উপলক্ষে উপস্থিত শিশু-কিশোরদের নিয়ে একটি বিশেষ কেক কেটে দিবসটি উদ্যাপন করা হয়। পরিশেষে, উপস্থিত অতিথিদের মধ্যে মুখরোচক ঐতিহ্যবাহী বাঙালি ও ইথিওপীয় খাবার পরিবেশন করা হয়। উক্ত অনুষ্ঠানের কিছু ছবি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

